

া রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - দৈনন্দিন যিকর ওযীফা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

প্রথম পর্বঃ সকালের যিকর-ওয়ীফা - ৮. সালাতই সর্বশ্রেষ্ঠ যিকর - (গ). রুকু থেকে উঠে দাঁড়ানো অবস্থায় যিকর

যিকর নং ৫২ : দাঁড়ানো অবস্থার যিকর-১

ربنا لك الحمد

উচ্চারণঃ রাব্বানা- লাকাল 'হামদ। অর্থঃ হে আমাদের প্রভু, আপনারই প্রশংসা।

রুকু থেকে উঠে পরিপূর্ণ সোজা হয়ে দাঁড়ানোর পরে কয়েক মুহূর্ত পরিপূর্ণ সোজা দন্ডায়মান থাকা ওয়াজিব। পরিপূর্ণ সোজা হয়ে দাঁড়ানোর আগেই সাজদায় চলে গেলে সালাত নষ্ট হয়ে যাবে। এই সময়ে দাঁড়ানো অবস্থায় সকল ইমাম, মুক্তাদী ও একাকী সালাতী সকলের জন্যই সুন্নাত অন্তত একবার (রাব্বানা-, লাকাল 'হামদ) বলা। রাসূলুল্লাহ (সা.) ও সাহাবীগণ এই সময়ে অতিরিক্ত আরো কিছু বাক্য বলতেন। যেমন:-

যিকর নং ৫৩ : দাঁড়ানো অবস্থার যিকর-২

اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ مِلْءَ السَّمَاوَاتِ وَمِلْءَ الْأَرْضِ وَمِلْءَ مَا بَيْنَهُمَا وَمِلْءَ مَا شِئْتَ مِنْ شَيْءٍ بَعْدُ

উচ্চারণ: আল্লা-হুম্মা, রাব্বানা- লাকাল 'হামদু, মিলআস সামা-ওয়া-তি ওয়া মিলআল আরদি ওয়া মিলআ মা-বাইনাহুমা, ওয়া মিলআ মা- শি'তা মিন শাইয়িন বা'অ্দ।

অর্থঃ "হে আল্লাহ, আমাদের প্রভু, আপনার জন্যই প্রশংসা, আকাশসমূহ পরিপূর্ণ করে, পৃথিবী পরিপূর্ণ করে, উভয়ের মধ্যে যা কিছু আছে সব পরিপূর্ণ করে এবং এরপর আপনি যা কিছু ইচ্ছা করেন তা পরিপূর্ণ করে প্রশংসা আপনার।"

আব্দুল্লাহ ইবনু আবী আউফা, ইবনু আব্বাস, আলী (রাঃ) ও অন্যান্য সাহাবী বলেন, রাসূলুল্লাহ (সা.) রুকু থেকে উঠে দাঁড়িয়ে এই বাক্যগুলি বলতেন।[1]

যিকর নং ৫৪ : দাঁডানো অবস্থার যিকর-৩

اللَّهُمَّ رَبِّنَا لَكَ الْحَمْدُ مِلْءَ السَّمَاوَاتِ وَمِلْءَ الْأَرْضِ وَمِلْءَ مَا بَيْنَهُمَا وَمِلْءَ مَا شِئْتَ مِنْ شَيْءٍ بَعْدُ أَهْلَ الثَّنَاءِ وَالْمَجْدِ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ



উচ্চারণঃ আল্লা-হুম্মা, রাব্বানা- লাকাল 'হামদু, মিলআস সামা-ওয়া-তি ওয়া মিলআল আরদি ওয়া মিলআ মা-বাইনাহুমা, ওয়া মিলআ মা- শি'তা মিন শাইয়িন বা'অ্দ, আহলাস সানা-ই ওয়াল মাজদি। লা- মা-নি'আ লিমা- আ'অ্ত্বাইতা, ওয়ালা- মু'অ্ত্বিয়া লিমা- মানা'অ্তা, ওয়ালা- ইয়ানফা'উ যাল জাদ্দি মিনকাল জাদ্দু। অর্থ: "হে আল্লাহ, আমাদের প্রভু, আপনার জন্যই প্রশংসা, আকাশসমূহ পরিপূর্ণ করে, পৃথিবী পরিপূর্ণ করে, উভয়ের মধ্যে যা কিছু আছে সব পরিপূর্ণ করে এবং এরপর আপনি যা কিছু ইচ্ছা করেন তা পরিপূর্ণ করে প্রশংসা আপনার। সকল মর্যাদা ও প্রশংসার মালিক আপনিই। আপনি যা প্রদান করেন তা কেউ রোধ করতে পারে না। আর আপনি যা রোধ করেন তা কেউ প্রদান করতে পারে না। অধ্যবসায়ীর অধ্যবসায় ও পরিশ্রমকারীর পরিশ্রম আপনার পরিবর্তে (আপনার ইচ্ছার বাইরে) তার কোনো উপকারে আসে না।"[2]

যিকর নং ৫৫ : দাঁড়ানো অবস্থার যিকর-৪

رَبَّنَا وَلَكَ الْحَمْدُ ، حَمْدًا كَثِيرًا طَيّبًا مُبَارَكًا فِيهِ

উচ্চারণ: রাব্বানা- ওয়া লাকাল 'হামদু, 'হামদান কাসীরান ত্বাইয়িবান মুবা-রাকান ফীহি। অর্থ: "হে আমাদের প্রভু, এবং আপনারই প্রশংসা, অশেষ প্রশংসা, পবিত্র ও বরকতময় প্রশংসা।" রিফাআহ ইবনু রাফি (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (সা.) এক ব্যক্তিকে এই সময়ে এই বাক্যগুলি বলতে শুনে খুব প্রশংসা করে বলেন: আমি দেখলাম ত্রিশের অধিক ফিরিশতা বাক্যগুলি লিখে নেওয়ার জন্য পাল্লা দিচেছ।[3]

ফুটনোট

- [1] সহীহ মুসলিম ১/৩৪৬, ৩৪৭, ৫৩৪-৫৩৫, নং ৪৭৬, ৪৭৭, ৪৭৮, ৭৭১।
- [2] সহীহ মুসলিম ১/৩৪৩, নং ৪৭১।
- [3] সহীহ ইবনু খুযাইমা ১/৩১১, সহীহ ইবনু হিব্বান ৫/২৩৬, মুসতাদরাক হাকিম ১/৩৪৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8801

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন